

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 15 April, 2025

বিনাইগাতীতে উপজেলা প্রশাসনের উদ্যোগে হাতিতারাড়ে জ্বালানী তেল ও টর্চ লাইট বিতরণ করা হয়েছে। উপজেলার সীমান্তে পাহাড়ি গ্রামের হাতি উপদ্রুত এলাকার জনগণ ও এলিফ্যান্ট রেসপন্স টিম (ইআরটি) সদস্যদের মাঝে এসব জ্বালানী তেল ও টর্চ লাইট বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (১৫ এপ্রিল) বিকেলে উপজেলার রাংটিয়া রেঞ্জ অফিস সভাকক্ষে আনুষ্ঠানিকভাবে এসব সামগ্রী বিতরণ করা হয়। বিতরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আশরাফুল আলম রাসেল।

এসময় ইউএনও আশরাফুল আলম রাসেল বলেন, “বনাঞ্চল ঘেঁষা গ্রামগুলোতে রাতের বেলা বন্য হাতির আক্রমণের ঝুঁকি বেশি। এই পরিস্থিতি মোকাবিলায় হাততারাতে ও জানমালের ক্ষয়ক্ষতি কমিয়ে আনতে সহায়তাকারি ইআরটি সদস্যদের প্রস্তুত রাখার উদ্দেশ্যই তাদের মধ্যে জ্বালানী তেল ও টর্চ লাইট বিতরণ করা হলো। বন কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন মানুষ হাতি দ্বন্দ্ব নিরসনে পাহাড়ি গ্রামবাসীদের সচেতনতা বৃদ্ধি করতে করণীয় সম্পর্কে সকল কিছু করতে আহ্বান জানান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন রাংটিয়া রেঞ্জের সহকারী বন সংরক্ষক এস.বি. তানভীর আহমেদ ইমন, সহযোগী রেঞ্জ কর্মকর্তা মো. আব্দুল করিম, তাওয়াকুচা বিট কর্মকর্তা মো. ইফাজ মোরশেদ শাহীল, ইউপি সদস্য গোলাম কিবরিয়া, ইআরটির সভাপতি, সম্পাদক ও সদস্যসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশ গ্রহন করেন।

উপজেলা প্রশাসনের এই উদ্যোগে এলাকাবাসী স্বস্তি প্রকাশ করেছেন। স্থানীয়রা জানান, প্রতিরাতে বনাঞ্চল থেকে হাতির তাড়ব মোকাবেলায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান। উল্লেখ্য, চলতি ইরিবোরো মৌসুমে ধান পেকে উঠার পূর্বেই পাহাড়ি গ্রামগুলোতে আবারও শুরু হয়েছে বন্যহাতির তাড়ব। বন্যহাতির তাড়বে আতঙ্কে রাত কাটাচ্ছে পাহাড়ী গ্রামবাসীরা। হাতি তাড়াতে গিয়ে নিরুঁম রাত কাটছে তাদের। হাতি তাড়ানোর আলো ও জ্বালানী সংকট দেখা দিয়েছে গ্রামবাসীদের মধ্যে। তাই জ্বালানী সংকট দূরীকরণের উদ্দেশ্যে উপজেলা প্রশাসনের উদ্যোগে এই সহায়তা বিতরণের উদ্যোগ গ্রহন করা হয়। উল্লেখ্য, উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে এলিফ্যান্ট রেসপন্স টিমের সদস্যদের ২০টি টর্চ লাইট এবং স্থানীয় জনগণের মাঝে ৭০ লিটার জ্বালানী তেল বিতরণ করা হয়।

হাতি জ্বালানী তেল লাইট